# তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা,২০১৪

(তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে প্রণিত)

## বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

শিল্প মন্ত্রণালয় কর্তৃক নিয়ন্ত্রিত।

www.bsfic.gov.bd

(এএসএম আবদুর [illegible])
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা

## মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা,বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। বিএসএফআইসি যে কোন অভিযোগের আলোকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও গণসচেতনতা গড়ে তোলা এবং সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করার লক্ষ্যে তথ্যের অবাধ প্রবাহে বিশ্বাসী। জাতীয় সংসদে তথ্য অধিকার আইন,২০০৯ পাশ হওয়ার পর তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী করপোরেশন হতে তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়। এ নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে সদর দপ্তর ও মিল পর্যায়ে বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে দীর্ঘ আলোচনা ও বিশ্লেষণের পর 'তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা,২০১৪' প্রণয়নের সিদ্ধান্ত হয়।

বিএসএফআইসি কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের কর্মকান্ডে অস্বচ্ছতা,ক্ষমতার অপব্যবহার ও আর্থিক অনিয়মের বিষয়ে সজাগ ও সচেতন। জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় 'তথ্য অধিকার আইন' সঠিকভাবে প্রয়োগ হলে দাপ্তরিক কর্মসম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। শিল্পমন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত জাতীয় শিল্পনীতি-২০১০ এর অন্যতম উদ্দেশ্য উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টি করা। বিএসএফআইসি সেই লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে।

বিএসএফআইসি এর সাথে সম্পৃক্ত আপামর জনসাধারণের তথ্য আইনের আওতায় তথ্য প্রাপ্তির অধিকারে সম্পর্ক রয়েছে। করপোরেশন নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান সমূহের আওতায় যে কোন ঘটনার অনুসন্ধান ও তথ্য প্রদানের লক্ষ্যে কাজ করছে। এ ক্ষেত্রে অবাধ তথ্য প্রদান,দুর্নীতির অনুসন্ধান ও প্রতিরোধে গণশুনানীসহ অন্যান্য রাষ্ট্রীয় নির্দেশনাবলী অনুসরণ করে আসছে।

দেশের অর্থনৈতিক উন্নয়ন,কর্মসংস্থানের বিকাশ ও দারিদ্র বিমোচনের অন্তরায়সমূহ উত্তোরণে স্বাধীন নিরপেক্ষ প্রশাসন ও পাশাপাশি সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে 'তথ্য অধিকার আইন,২০০৯' এর আলোকে প্রণিত তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০১৪ অগ্রণী ভূমিকা রাখবে।

এ এস এম আবদার হোসেন

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

৭/৪/১৫

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা

## প্রথম অধ্যায়: নীতিমালার সাধারণ বিষয়

নির্দেশিকা প্রণয়নকারী প্রতিষ্ঠান: বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি)

নির্দেশিকা জারির তারিখ : ০১-০৪-২০১৫ খ্রিঃ

যে নামে নির্দেশিকা কার্যকর হবে : তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা,২০১৪।

এ নীতিমালার সাথে সম্পর্কযুক্ত প্রতিষ্ঠানের অন্যান্য নীতিমালাসমূহঃ বিএসএফআইসি চাকুরী প্রবিধানমালা-১৯৮৯, বাংলাদেশ সরকারের শ্রম আইন-২০০৬ এবং বাংলাদেশ সরকারের সার্ভিস রুলস্ অনুসরণযোগ্য।

## দ্বিতীয় অধ্যায়: প্রাথমিক বিষয়াদি

১. পটভূমি ও নীতিমালার উদ্দেশ্য:

১.১ বিএসএফআইসি প্রতিষ্ঠার পটভূমি:

- ১৯৭২ সনে রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ বলে গঠিত বাংলাদেশ সুগার মিলস করপোরেশন এবং ফুড অ্যান্ড এ্যালাইড ইন্ডাস্ট্রিজ করপোরেশন একীভূত করে সরকারি আদেশে ১ জুলাই ১৯৭৬ সনে বাংলাদেশ সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ করপোরেশন গঠন করা হয়।

- করপোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিটি প্রতিষ্ঠানকে কোম্পানী আইন ১৯৯৪ এর নিরিখে লিমিটেড কোম্পানী হিসেবে বিবেচিত হয় এবং প্রতিটি কোম্পানীর জন্য সরকারের প্রতিনিধি,ব্যাংকের প্রতিনিধিসহ করপোরেশনের পরিচালক/কর্মকর্তা সমন্বয়ে আলাদা কোম্পানী বোর্ড রয়েছে। বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্ত-শাসিত উৎপাদনমুখী সংস্থা। রাষ্ট্রের বিধি-বিধানের আলোকে এর কার্যক্রম পরিচালিত হয়। করপোরেশনের নিয়ন্ত্রিত শিল্প প্রতিষ্ঠানসমূহ দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত। স্টেকহোল্ডার হিসেবে প্রতিষ্ঠান সংলগ্ন এলাকায় সমাজের সকল স্তরের জনগণের সাথে প্রতিষ্ঠানের সম্পৃক্ততা রয়েছে। মিল জোন এলাকায় আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নে করপোরেশন বিশেষ ভূমিকা রেখে আসছে।

- সরকার কর্তৃক নিয়োজিত ১ জন চেয়ারম্যান এবং অনধিক ৫ জন পরিচালকের সমন্বয়ে পরিচালনা পর্ষদের নিয়ন্ত্রণে করপোরেশনের কার্যক্রম পরিচালিত হয়।

১.২ নির্দেশিকা-২০১৪ এর উদ্দেশ্য:

বিএসএফআইসি মনে করে তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়নের মাধ্যমে আইনের বিধান সাপেক্ষে তথ্য জানার অধিকার সকল নাগরিকের মৌলিক ও সাংবিধানিক অধিকার। রাষ্ট্র নিয়ন্ত্রিত এই প্রতিষ্ঠানের সকল তথ্যাদি জনগণকে জানানোর প্রত্যয় নিয়ে কাজ করে আসছে। প্রত্যেকটি কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করলে প্রতিষ্ঠানে শুদ্ধাচার বাস্তবায়ন সম্ভব। তাই জনগণের শাসনতান্ত্রিক ও আইনগতভাবে তথ্য লাভের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে বিএসএফআইসি'র জনসম্পৃক্ত তথ্য অবমুক্তকরণ ও প্রচারের নিমিত্ত একটি বিধিগত কাঠামো প্রণয়ন।

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা

১.৩ তথ্য অবমুক্তকরণ নীতি:

জনসচেতনতা সৃষ্টির পাশাপাশি দুর্নীতির বিস্তার রোধে আবহ সৃষ্টির লক্ষ্যে দুর্নীতি বিরোধী একটি সংস্কৃতি গড়ে তোলা তথ্য অবমুক্তকরণ নীতির মূল উদ্দেশ্য। বিএসএফআইসি শিল্পসমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে শিল্পের প্রসার ও উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টির জন্য বিভিন্ন প্রকার নীতি ও কর্মকৌশল প্রণয়ন করে থাকে। এই সকল কর্মকান্ড সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও নাগরিকদের জন্য উন্মুক্ত রাখার নীতিতে করপোরেশন বিশ্বাস করে। স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করণে অবাধ তথ্য প্রবাহ বিশেষ ভূমিকা পালন করতে পারে।

২. সংজ্ঞা :

ক) তথ্য: তথ্য অর্থে বিএসএফআইসি'র গঠন,কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বহি, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা উহাদের প্রতিলিপিও ইহার অন্তর্ভুক্ত হবে:

তবে দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না;

খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা: তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য সরবরাহের জন্য বিএসএফআইসি,প্রধান কার্যালয় ও নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বুঝাবে; যা সময়োপযোগী বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত হবে।

গ) তথ্য প্রদানকারী ইউনিট: বিএসএফআইসি এর প্রধান কার্যালয় এবং এর আওতাধীন ১৬টি মিল প্রতিষ্ঠান তথ্য প্রদানকারী ইউনিট হিসেবে গণ্য হবে।

ঘ) আপীল কর্তৃপক্ষ: বিএসএফআইসি এর প্রধান কার্যালয়ের ক্ষেত্রে শিল্প সচিব এবং প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে চেয়ারম্যান,বিএসএফআইসি আপীল কর্তৃপক্ষ হিসেবে নিয়োজিত আছেন।

তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে প্রণিত তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০১৪ বাস্তবায়নকল্পে বাংলাদেশ সুগার এন্ড ফুড ইন্ডাষ্ট্রিজ করপোরেশন (বিএসএফআইসি) ও করপোরেশন নিয়ন্ত্রিত ১৬ টি প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ও আপিল কর্তৃপক্ষের প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নরুপ:-

১। বাংলাদেশ সুগার এন্ড ফুড ইন্ডাষ্ট্রিজ করপোরেশন (বিএসএফআইসি), চিনিশিল্প ভবন,৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

করপোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | পদবী | ফোন ও মোবাইল নম্বর | ফ্যাক্স ও ই-মেইল |
|---|---|---|---|
| জনাব এ এস এম আবদার হোসেন | সচিব,বিএসএফআইসি | ৮৮০২৯৫৬৫৮৬৮<br>০১৭১৬০৮২৫৬৫ | ৯৫৫০৪৮১<br>secretary@<br>bsfic.gov.bd |

| প্রতিষ্ঠান প্রধান | পদবী | টেলিফোন/মোবাইল নং | ফ্যাক্স/ই-মেইল |
|---|---|---|---|
| জনাব এ,কে,এম,দেলোয়ার হোসেন | চেয়ারম্যান | ৯৫৬৫৮৬৯,<br>০১৭৪৫-৭৭১১০৩ | ৯৫৫০৪৮১/cbsfic@gmail.com |

করপোরেশনের আপিল কর্তৃপক্ষ

সচিব, শিল্প মন্ত্রণালয় তথ্য অধিকার আইন-২০০৯ এর ধারা ২৪ মোতাবেক করপোরেশনের আপীল কর্তৃপক্ষ।

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা।

২। বিএসএফআইসি নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান সমূহের তথ্যাদি:

| মিল/প্রতিষ্ঠানের নাম ও অবস্থান | প্রতিষ্ঠান প্রধান ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী | ফোন ও মোবাইল নম্বর | ফ্যাক্স ও ই-মেইল |
|---|---|---|---|
| পঞ্চগড় সুগার মিলস লিঃ<br>জেলা- পঞ্চগড় | জনাব মোঃ আব্দুর রশিদ<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৫৬৮/৬১২১২<br>০১৭১১-৯৩১৪৭৪ | 0568/61212<br>panchagarh sugar mill @gmail.com |
| ঠাকুরগাঁও সুগার মিলস লিঃ<br>জেলা- ঠাকুরগাঁও | জনাব এস এম আব্দুল আজিজ<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৫৬১/৫২০৭৬<br>০১৭১৬-০৩৮৩৭৬ | 0561/53423<br>tsm_noor @yahoo.com |
| সেতাবগঞ্জ সুগার মিলস লিঃ<br>জেলা-দিনাজপুর | জনাব মোঃ শহীদুলাহ<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৫৩২৫/৭৩০০৩<br>০১৭১৬-০০৯৫৮৭ | 05325/88018<br>setabganj sugar mill@yahoo.com |
| শ্যামপুর সুগার মিলস লিঃ<br>জেলা-রংপুর | জনাব আব্দুল আউয়াল<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৫২১/৬২৩৮৭<br>০১৭১২-২৫৮৩৩৩ | 0521/62387<br>s. sugar mill@yahoo.com |
| রংপুর সুগার মিলস লিঃ<br>জেলা-গাইবান্ধা | জনাব আব্দুল খালেক<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৩৮৫১/৬৫০৪৬২<br>০১৭১৬-০৫৪৬৯২ | 03851/650462<br>md rsm ltd @gmail .com |
| জয়পুরহাট সুগার মিলস লিঃ<br>জেলা-জয়পুরহাট | জনাব মোঃ আব্দুস সালাম<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৫৭১/৬২২১৯<br>০১৭১১-৪৮০৫৩৩ | 0571/62380<br>jsm_49 @yahoo.com |
| রাজশাহী সুগার মিলস লিঃ<br>জেলা-রাজশাহী | জনাব মোশাররফ হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৭২১/৭৫০১৯১<br>০১৮১৫৪৮২০২৫ | 0721/750450<br>rjsm ltd@ yahoo.com |
| নাটোর সুগার মিলস লিঃ<br>জেলা-নাটোর | জনাব মোঃ আবুল রফিক<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৭৭১/৬২৩৭৭<br>০১৭১৮-২৪৮২৮৭ | 0771/62322<br>natore sm @gmail .com |
| নর্থ বেঙ্গল সুগার মিলস লিঃ<br>জেলা-নাটোর | জনাব মাহবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৭৭২৫/৭৫০২২<br>০১৭১৮-৮৭৭৪৪৫ | 07725/75092<br>north bengal sm@gmail .com |
| পাবনা সুগার মিলস লিঃ<br>জেলা-পাবনা | জনাব আবুল কালাম আজাদ<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৭৩২৬/৬৩৪০০<br>০১৭১৪-৪২৪৮৬৯ | 07326/63842<br>pabna sugar mills ltd@ yahoo.com |
| কুষ্টিয়া সুগার মিলস লিঃ<br>জেলা-কুষ্টিয়া | জনাব আল-আমিন<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৭১/৭৩০৪২<br>০১৭১৬-২৬১১১৫ | 071/73627<br>kustia sm04@ yahoo.com |
| কেরু এন্ড কোং (বিডি) লিঃ<br>জেলা-চুয়াডাঙ্গা | জনাব এবিএম আরশাদ হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৭৬৩২/৫১০১৭<br>০১৭১৫-০১৫৫৯৭ | 07632/89018<br>carew co 38 @gmail .com |
| মোবারকগঞ্জ সুগার মিলস লিঃ<br>জেলা-ঝিনাইদহ | জনাব মোঃ দেলোয়ার হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৪৫২৩/৫৬২১৭<br>০১৭৭১-৭৫৭৯৩৭ | 04523/56017<br>mobarakganj sugar mills@gmail.com |
| ফরিদপুর সুগার মিলস লিঃ<br>জেলা-ফরিদপুর | জনাব মোঃ আমজাদ হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৬৩১/৫৬১৫৮<br>০১৭৬৫-২৪৭২৩৭ | 0631/56029<br>faridpur sugarmills@ yahoo.com |
| জিলবাংলা সুগার মিলস লিঃ<br>জেলা-জামালপুর | জনাব আব্দুর রউফ খান<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৯৮২৩/৭৫০০৮<br>০১৭১৫-৮৪৪১৩৪ | 09823/75008<br>zbsmdp@gmail.com |
| রেনউইক এন্ড যজ্ঞেশ্বর কোং (বিডি) লিঃ। জেলা-কুষ্টিয়া | জনাব প্রৌকৌঃ আহসান সিদ্দিক<br>ব্যবস্থাপনা পরিচালক | ০৭১/৬১৮৬৩<br>০১৭৪৫-৭৮৬৫৮৭ | 071/63433<br>renwick.kushtia@gmail.com |

২। তথ্য অধিকার আইন-২০০৯ এর ধারা ২৪ এর আলোকে বিএসএফআইসি নিয়ন্ত্রিত সকল প্রতিষ্ঠানের আপীল কর্তৃপক্ষ হিসেবে চেয়ারম্যান, বিএসএফআইসি কে মনোনয়ন দেয়া হয়েছে, তাঁর তথ্যাদি নিম্নরুপঃ

| আপীল কর্তৃপক্ষের নাম | পদবী | ফোন ও মোবাইল নম্বর | ফ্যাক্স ও ই-মেইল |
|---|---|---|---|
| জনাব এ,কে,এম, দেলোয়ার হোসেন | চেয়ারম্যান,<br>বিএসএফআইসি,ঢাকা। | ৮৮০২৯৫৬৫৮৬৯;<br>০১৭৪৫-৭৭১১০৩ | ৯৫৫০৪৯১;<br>cbsfic@gmail.com |

(এএসএম আবদার হোসেন
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা।

## তৃতীয় অধ্যায়: নীতিমালা

৩. তথ্যের শ্রেণিবিন্যাস:

তথ্য অধিকার আইন অনুযায়ী প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার রয়েছে এবং জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য দিতে বিএসএফআইসি বাধ্য থাকবে।

বিএসএফআইসি'র কাছে যেসব তথ্য রয়েছে তা তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে-

* স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য;
* চাহিবামাত্র তথ্য প্রদানে বাধ্য;
* প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য।

৩.১ স্ব-প্রণোদিত তথ্য:

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-১-এ উল্লেখ করা আছে যা তথ্য অধিকার আইন অনুযায়ী স্বপ্রণোদিতভাবে বিএসএফআইসি'র ওয়েবসাইটে www.bsfic.gov.bd প্রকাশ করা হবে।

চাহিদা অনুযায়ী কোন তথ্য করপোরেশনের ওয়েবসাইটে পাওয়া না গেলে,তথ্য চাহিদাকারী করপোরেশনের প্রধান কার্যালয়ের সচিব বরাবর (ঠিকানা- চিনিশিল্প ভবন,৩ দিলকুশা বা/এ,ঢাকা-১০০০) আবেদন করতে পারবেন।

৩.২ চাহিবামাত্র তথ্য প্রদানে বাধ্য:

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-২ এ উল্লেখ করা আছে। এজাতীয় চাহিদাকৃত তথ্য বিএসএফআইসি'র অনুমোদন ব্যতিরেকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চাহিদাকারীকে প্রদান করতে পারবে।

৩.৩ প্রকাশ বা প্রদান বাধ্যতামুলক নয় এমন তথ্য:

কতিপয় তথ্য যা কোন নাগরিককে প্রদান করতে করপোরেশন বাধ্য থাকবে না পরিশিষ্ট-৩। এ তালিকাটিও করপোরেশন কর্তৃক নির্ধারিত হবে। করপোরেশন কর্তৃপক্ষ এটি অনুমোদন করবেন। এ তালিকাটি করপোরেশন কর্তৃপক্ষ কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন/বিয়োজন করা হবে।

৩.৪ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি:

ক) অফিসিয়াল ওয়েব সাইট;
খ) তথ্য হালনাগাদ করণে অন্যান্য পদ্ধতি;
তথ্য অধিকার(তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা'২০১০ এর ধারা ৪ অনুসৃত হবে।

৪. তথ্যের ভাষা:

ক) ৩ নং অনুচ্ছেদে যেসব তথ্যের কথা উল্লেখ আছে সেগুলো বাংলা ভাষায় পাওয়া যাবে। এটি নির্ভর করবে অফিসিয়াল বা কার্যক্ষেত্রে যে ভাষায় ডকুমেন্টটি তৈরী হয়েছে তার উপর;
খ) বিএসএফআইসি-তে তথ্যটি যেভাবে প্রকাশ,ছাপা এবং সংরক্ষণ করা হয়েছে সেভাবে;
গ) তথ্য প্রদানকারী কর্মকর্তা তথ্যটিকে এক ভাষা থেকে অন্য ভাষায় অনুবাদ বা রুপান্তর করে দেয়ার দায়িত্ব নেবে না।

৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি:

- তথ্যের আবেদনপত্র বাছাই,তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ ও তথ্য অবমুক্তকরণ সম্পর্কে প্রতিবেদন তৈরী;
- চাহিদাকারী ব্যক্তি শারীরিক প্রতিবন্ধী হলে তার উপযুক্ত করে তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ।
- প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে বিএসএফআইসি'র দক্ষ ও পারদর্শী অন্য কোন কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা।

## ৬. আবেদন প্রক্রিয়া:

তথ্য চাহিদাকারী সাদা কাগজে অথবা তথ্য অধিকার আইন বিধিমালা ফরম 'ক' (সংযুক্ত) ব্যবহার করে সরাসরি বা ই-মেইলের মাধ্যমে আবেদন করবেন। এই ফরম বিএসএফআইসি'র অফিসিয়াল ওয়েব সাইটে পাওয়া যাবে।

আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে-

- অনুরোধকারীর নাম,ঠিকানা,প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;
- চাহিত তথ্যের নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;
- চাহিত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসংগিক তথ্যাবলী;
- যে পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ অনুলিপি নেয়া,নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি;

### ৬.১ তথ্য প্রদানের সময়সীমা:

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

## ৭. তথ্যের মূল্যতালিকা:

ছাপানো তথ্যের জন্য নির্ধারিত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্য তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা,২০০৯-এর তফসিল 'ঘ' ফরম (সংযুক্ত) অনুযায়ী নির্ধারিত হবে।

## ৮. তথ্য প্রদানে অপারগতা:

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে অনুরোধকারীকে অবহিত করবেন।

যদি অনুচ্ছেদ ৭-এ উল্লিখিত 'কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়' এর আওতায় কোন তথ্য প্রদানের অপারগতার যথাযথ কারণ তথ্য চাহিদাকারীকে ফরম 'খ' (সংযুক্ত)-এর মাধ্যমে জানাতে হবে। বিনা কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য চাহিদাকারীকে কোন অবস্থাতেই অপারগতা জানাতে পারবেন না।

## ৯. আপীল প্রক্রিয়া ও সময়সীমা:

কোন ব্যক্তি যদি নির্দিষ্ট সয়মসীমার মধ্যে তথ্য না পান কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন।

আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক সাদা কাগজে বা তথ্য অধিকার বিধিমালার ফরম 'গ' (সংযুক্ত) অনুযায়ী করা যাবে। বিএসএফআইসি'র সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষ পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন। তথ্য প্রাপ্তির আপীলসমূহ তথ্য অধিকার আইন ২০০৯-এর ধারা ২৪ এবং ২৮ অনুযায়ী বিবেচনা করা হবে।আপীল কর্তৃপক্ষের প্রদত্ত রায় বিএসএফআইসি কর্তৃপক্ষের চুড়ান্ত রায় বলে বিবেচিত হবে। এ ব্যাপারে সংক্ষুব্ধ হলে তথ্য চাহিদাকারী তথ্য কমিশনের নিকট অভিযোগ দাখিল করতে পারবেন।

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা

১০. শাস্তি:

যথাযথ কারণ ব্যতীত তথ্য প্রদানে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে বিবেচিত হবে এবং বিএসএফআইসি’র (কর্মচারী) চাকুরী বিধিমালা,১৯৮৯- এর বিধি অনুযায়ী উক্ত তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. অভিযোগ দায়ের ও নিষ্পত্তি প্রক্রিয়া:

তথ্য অধিকার আইন'২০০৯ বিধিমালা ও প্রবিধানমালা এর ধারা ২৫ এর উপ-ধারা ১ থেকে ১৪ অনুসৃত হবে।

১২. পরিশিষ্ট তালিকা:

পরিশিষ্ট-১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা:

- বিএসএফআইসি’র সাংগঠনিক কাঠামোর বিবরণ;
- করপোরেশনের ভিশন,মিশন ও উদ্দেশ্য কার্যাবলী;
- করপোরেশনের সম্পাদিত কর্মকান্ডের (এমআইএস) বার্ষিক প্রতিবেদন;
- কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব;
- করপোরেশনের পরিচালনা পর্ষদ ও জ্যেষ্ঠ কর্মকর্তাদের তালিকা;
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবী,ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা;
- আপীল কর্তৃপক্ষের পদবী ও ঠিকানা;
- দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত অভিযোগ দায়েরের স্থান ও অভিযোগ দায়েরে পদ্ধতি;
- অভিযোগের সংখ্যা (সিডিউলভুক্ত ও বহির্ভূত ) ;
- নিয়োগ ও ক্রয় বিক্রয় সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি ;
- স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকার আলোকে ওয়েব সাইট বা অন্যান্য মাধ্যমে প্রকাশিতব্য তথ্য এবং কমিশনকে এ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ;
- তথ্য অধিকার আইন ২০০৯ এর সাথে সংগতি রেখে সেবা প্রত্যাশি জনগণের মধ্যে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান;
- উন্নয়ন প্রকল্পের তালিকা এবং কর্মকাণ্ড।

পরিশিষ্ট-২ চাহিবামাত্র তথ্য প্রদানে বাধ্য;

- বৈদেশিক প্রশিক্ষণ ও বিদেশ ভ্রমন সংক্রান্ত তথ্য
- করপোরেশনের কর্মকর্তাদের বিভিন্ন কোম্পানী বোর্ডের পরিচালক হিসেবে নিয়োগ প্রাপ্তির তথ্য
- করপোরেশনের অধীনে কোন আমদানি/রফতানি সংক্রান্ত তথ্য
- উল্লেখযোগ্য কোন ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্যাদি
- করপোরেশনের বার্ষিক অডিট আপত্তি/নিষ্পত্তি সংক্রান্ত তথ্য
- করপোরেশন কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত তথ্য

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক, উৎপাদন ও প্রকৌশল
বিএসএফআইসি, ঢাকা

পরিশিষ্ট-৩ যে সকল তথ্য প্রকাশ বাধ্যতা মূলক নয় এরূপ তথ্যের তালিকা:

ক) তথ্য প্রকাশের ফলে বিচারাধীন মামলার সুষ্ঠু বিচারকার্য ব্যাহত হতে পারে এরূপ তথ্য;
খ) তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে এরূপ তথ্য;
গ) তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য;
ঘ) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য;
ঙ) অনুসন্ধানাধীন বা তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ অনুসন্ধান বা তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;
চ) ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;
ছ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;
জ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরূপ তথ্য;
ঝ) কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিগত নথি, বেতন ভাতাদিসহ অন্যান্য সুবিধাদি,বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা (কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত) তথ্য;
ঞ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ তথ্য;

১৩. ফরমের তালিকা:

অ) ফরম 'ক' - তথ্য প্রাপ্তির আবেদন পত্র;
আ) ফরম 'খ' – তথ্য সরবরাহের অপারগতার নোটিশ;
ই) ফরম 'গ' – আপীল আবেদন;
ঈ) ফরম 'ঘ' - তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি।

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা.

# ফরম 'ক'

## তথ্য প্রাপ্তির আবেদনপত্র

১। আবেদনকারীর নাম :

পিতার নাম :

মাতার নাম :

বর্তমান ঠিকানা :

স্থায়ী ঠিকানা :

ফ্যাক্স,ই-মেইল,টেলিফোন ও মোবাইল ফোন (যদি থাকে) :

২। কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন।

৩। কোনপদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স /সিডি অথবা অন্য কোন পদ্ধতি) :

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা :

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা :

৬। তথ্য প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা :

৭। আবেদনের তারিখ ও স্থান :

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ -

(এএসএম আ[illegible] এহসান)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা

# ফরম 'খ'

তথ্য সরবরাহে অপারগতার নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বরঃ

প্রতি
আবেদনকারীর নাম:...................................................

ঠিকানা:..................................................................

বিষয়: তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার ---------------------------------------তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্মোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হইল,যথা-

১। ................................................................................................................
................................................................................................................;

২। ................................................................................................................
................................................................................................................;

৩। ................................................................................................................
................................................................................................................;

(.....................................)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার
নাম:
পদবী:
দাপ্তরিক সীল

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা।

১। আপীলকারীর নাম ও ঠিকানা(যোগাযোগের সহজ মাধ্যমসহ) :

২। আপীলের তারিখ :

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে উহার কপি ( যদি থাকে) :

৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে) :

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ :

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) :

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি :

৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন :

৯। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন। :

আপীলকারীর স্বাক্ষর

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা

অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্মোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম(৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে,যথাঃ-

| ক্রমিক নং (১) | তথ্যের বিবরণ (২) | তথ্যপ্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য (৩) |
|---|---|---|
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য | তথ্য গ্রহণকারী/আবেদনকারী নিজ খরচে গ্রহণ করবেন |
| ২। | ডিস্ক,সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | আবেদনকারী কর্তৃক ডিস্ক,সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে; |
| ৩। | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য |

করপোরেশন কর্তৃপক্ষের
আদেশক্রমে

(এএসএম আব্দার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(প্রকৌঃ মোঃ আমিনুল হক)
পরিচালক (উৎপাদন ও প্রকৌশল)
বিএসএফআইসি, ঢাকা